

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
বাংলাদেশ, ঢাকা  
[www.dshe.gov.bd](http://www.dshe.gov.bd)



স্মারক নং- ৩৭.০২.০০০০.১০৫.৩১.০৪৮.২০১৯/ ৪৭৪০/৬

তারিখ: ০৬/০৭/১৪২৬বঙ্গাব্দ  
২৪/১০/২০১৯খ্রিস্টাব্দ

**বিষয়:** ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন শহীদ নূর আলী কলেজের ডিগ্রি (পাস) পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব সেলিনা আক্তার, প্রভাষক (ইতিহাস) কে উচ্চ মাধ্যমিক পর্যায়ে ইতিহাস বিষয়ে প্যাটার্নভুক্ত পদে সমন্বয়।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ঝিনাইদহ জেলার কালীগঞ্জ উপজেলাধীন শহীদ নূর আলী কলেজের স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব সেলিনা আক্তার, প্রভাষক (ইতিহাস) কে উচ্চ মাধ্যমিক স্তরের প্রভাষক (ইতিহাস) পদটি শূন্য হওয়ায় এমপিওভুক্তির বিষয়ে নির্দেশনা প্রদান করার জন্য অধ্যক্ষ আবেদন করেছেন।

জনবল কাঠামো- ২০১৮ এর ৯ (ii) ধারায় বর্ণিত আছে- “উচ্চ মাধ্যমিক ও ডিগ্রি (পাস) স্তরে বিধি মোতাবেক নিয়োগপ্রাপ্ত এমপিওভুক্ত নয় এমন একই বিষয়/পদে শিক্ষক/কর্মচারীগণকে প্যাটার্নভুক্ত শূন্যপদের বিপরীতে জ্যেষ্ঠতার ভিত্তিতে সমন্বয় করতে হবে”।

স্নাতক পর্যায়ে নিয়োগপ্রাপ্ত জনাব সেলিনা আক্তার, প্রভাষক (ইতিহাস) কে নিয়োগ প্রক্রিয়া যথাযথ থাকলে জনবল কাঠামো- ২০১৮ এর ৯ (ii) ধারা মোতাবেক উচ্চ মাধ্যমিক পর্যায়ে প্রভাষক (ইতিহাস) পদে সমন্বয় করতে কোন বাধা নেই।

এমতাবস্থায়, বর্ণিত প্রভাষকের নিয়োগ যথাযথ হলে তাঁর এমপিওভুক্তির লক্ষ্যে অনলাইনে আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২৪/১০/১৯

(মো. আবদুল কাদের)

সহকারী পরিচালক (কলেজ-৩)

ফোন নং-৯৫৫৬০৫৭

Email-ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

শহীদ নূর আলী কলেজ

কালীগঞ্জ, ঝিনাইদহ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সভাপতি, পরিচালনা পরিষদ, শহীদ নূর আলী কলেজ, কালীগঞ্জ, ঝিনাইদহ
- ২। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৩। জেলা শিক্ষা অফিসার, ঝিনাইদহ
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালীগঞ্জ, ঝিনাইদহ
- ৫। জনাব সেলিনা আক্তার, প্রভাষক (ইতিহাস), শহীদ নূর আলী কলেজ, কালীগঞ্জ, ঝিনাইদহ
- ৬। সংরক্ষণ নথি।